

জকসু নির্বাচনে পাঁচ সদস্যের নির্বাচন কমিশন গঠন

জবি প্রতিনিধি



সংগৃহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু)

নির্বাচনের জন্য পাঁচ সদস্যের নির্বাচন কমিশন গঠন করেছে

বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত

রেজিস্ট্রার অধ্যাপক মো. গিয়াস উদ্দিন স্বাক্ষরিত এক অফিস

আদেশে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ

ও হল শিক্ষার্থী সংসদ নির্বাচন ২০২৫’ পরিচালনার লক্ষ্যে

‘জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ ও হল শিক্ষার্থী

সংসদসমূহের গঠন ও পরিচালনা বিধিমালা ২০২৫’-এর ১৫(১)

ধারা অনুযায়ী সিডিকেটের অনুমোদনক্রমে এ কমিশন গঠন করা

হয়েছে।

নির্বাচন কমিশনে সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড.

মোস্তুফা হাসানকে প্রধান নির্বাচন কমিশনার করা হয়েছে।

সহকারী নির্বাচন কমিশনার হিসেবে রয়েছেন আইন বিভাগের

চেয়ারম্যান অধ্যাপক ড. মো. শহিদুল ইসলাম, পদার্থবিজ্ঞান

বিভাগের অধ্যাপক ড. কানিজ ফাতেমা কাকলি, কম্পিউটার

সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মো. জুলফিকার

মাহমুদ এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী

অধ্যাপক ড. মো. আনিসুর রহমান।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ২০ বছর পর এই প্রথম ছাত্রসংসদ

নির্বাচন পেতে যাচ্ছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।